সংবাদ

তারিখ 29 JUL 2015
পৃষ্ঠা ...২... কলাম ...২...

ক্যাম্পাস

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় বিষয়ে কলেজ শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ কার্যক্রম শুরু

জাতীয় বিশ্ববিদ্যালয়ে মহান মুক্তিযুদ্ধ, স্বাধীনতার চেতনা ও মূল্যবোধ প্রজন্ম থেকে প্রজন্মান্তরে ধারণ ও লালনের লক্ষ্যে 'স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস' শীর্ষক সবার জন্য আবশ্যিক বিষয়ে কলেজ শিক্ষকদের একটি বিশেষ প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করেছে।

প্রতি ব্যাচে ১২০ জন করে প্রাথমিক পর্যায়ে ২টি ব্যাচে মোট ২৪০ জন প্রশিক্ষণার্থীকে (কলেজ শিক্ষক) প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছে। গতকাল ২৮ জুলাই ২০১৫ ১ম ব্যাচ-এর প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে এবং ১০ আগস্ট, ২০১৫ থেকে শুরু হবে ২য় ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম। অনুরূপভাবে আগামী নভেম্বর-ডিসেম্বর মাসে একই বিষয়ের উপর আরো দু'টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমের প্রথম দিন বাংলাদেশ ব্যাংক এর গভর্ণর অধ্যাপক ড. আতিউর রহমান আলোচনায় অংশ নেন। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, সম্মুখ সমরে নেতৃত্বদানকারী বীর সৈনিক, ইতিহাসবিদ, অধ্যাপক, গবেষক ও প্রথিতযশা রাজনৈতিক ব্যক্তিবর্গ উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থাকবেন। এঁদের মধ্যে রয়েছেন সিনিয়র আইনজীবী ও গণফোরাম সভাপতি ড. কামাল হোসেন, সাবেক ডেপুটি স্পীকার কর্ণেল(অবঃ) শওকত আলী এম.পি, মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচ. টি. ইমাম, সাবেক সেনা প্রধান জেনারেল কে. এম. সফিউল্লাহ, এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান, বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক ড. শামসুজ্জামান খান, ইতিহাসবিদ প্রফেসর ড. সৈয়দ আনোয়ার হোসেন, সিনিয়র আইনজীবী ব্যারিস্টার আমিরুল ইসলাম, একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির ভারপ্রাপ্ত সভাপতি শাহরিয়ার কবির, সাবেক রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ জমির, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সভাপতি জনাব মুজাহিদুল ইসলাম সেলিম, মুক্তিযুদ্ধ জাদুঘর এর ট্রাস্টি জনাব মফিদুল হক, বাংলাদেশ ব্যাংক এর গভর্ণর অধ্যাপক ড. আতিউর রহমান, ইতিহাসবিদ ও গবেষক অধ্যাপক ড. মুনতাসীর উদ্দিন খান মামুন, স্বাধীনতা পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা লে. কর্ণেল(অব.) কাজী সাজ্জাদ আলী জহির (বীরপ্রতিক), অধ্যাপক ড. সফিউদ্দিন আহমদ, বিশিষ্ট অর্থনীতিবিদ প্রফেসর ড. মাহবুবুল মোকাদ্দেম(আকাশ), অধ্যাপক ড. আল মাসুদ হাসানউজ্জামান ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ, প্রো-ভাইস চ্যান্সেলর(একাডেমিক) প্রফেসর ড. মুনাজ আহমেদ নূর, ট্রেজারার অধ্যাপক নোমান উর রশিদ । সংবাদ বিজ্ঞপ্তি